

চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ব্যাপক গোলাগুলি

(দৈনিক বাতী পরিবেশক)
 চট্টগ্রাম, ২৩শে অক্টোবর। - চট্টগ্রাম মেডিক্যাল কলেজে গতকাল গভীর রাতে ব্যাপক গোলাগুলি হয়েছে। গুলির শব্দে পুরো কলেজ ও হাসপাতাল এলাকায় আতঙ্কের সৃষ্টি হয়। জানা গেছে, কলেজ বোলার ব্যাপারে গতকাল মঙ্গলবার সকালে একাডেমিক কাউন্সিলের সঙ্গে বিভিন্ন ছাত্র সংগঠনের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ইসলামী ছাত্র সিবির ও মেডিক্যাল

ছাত্র পরিষদের নেতৃবৃন্দ অংশ নেন। জাতীয়তাবাদী ছাত্রদল সভায় যোগ দেননি বলে জানা গেছে। সভায় অবিলম্বে মেডিক্যাল কলেজ বোলার ব্যাপারে শান্তিপূর্ণ ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। গভীর রাতে কলেজ ও হাসপাতালের স্টোর রুম, টেলিফোন এক্সচেঞ্জ এবং অধ্যক্ষের কার্যালয়ের সামনে গোলাগুলি শুরু হয়। ধেমে ধেমে বিক্ষিপ্তভাবে প্রায় ২০ মিনিট ধরে এই গুলির আওয়াজ শোন।
 চট্টগ্রাম : পৃঃ ১২ কঃ ৩

চট্টগ্রাম : মেডিক্যাল কলেজে গোলাগুলি

(১ম পাতার পর)

গেছে বলে জানা যায়। বাংলাদেশ ছাত্রলীগ মেডিক্যাল কলেজ শাখা গোলাগুলির আওয়াজের মাধ্যমে ভীতি প্রদর্শনের উন্নীত নিন্দা করে বলেছে, এই ঘটনা কলেজের বন্ধ দীর্ঘায়িত করার চেষ্টা। ছাত্রলীগ এ ব্যাপারে দোষী ব্যক্তিদের শাস্তির দাবী জানিয়ে বলে যে, কলেজ বন্ধ দীর্ঘায়িত করার ষড়যন্ত্র যেকোন মূল্যে প্রতিহত করা হবে।